

# রাবিপ্রবি ক্যাম্পাসে নিরাপত্তা জোরদারে নেওয়া হয়েছে নতুন উদ্যোগ

রাবিপ্রবি প্রতিনিধি

প্রকাশিত: ০০:৩৮, ২৯ জুন ২০২৫



রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রাবিপ্রবি) ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের লক্ষ্যে নতুন পদক্ষেপ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

খোঁজ নিয়ে যায়, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের মাধ্যমে ক্যাম্পাসে ৪ (চার)টি ভবন (একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, ছাত্র হল ও ছাত্রী হল) নির্মাণের কাজ শুরু হয়েছে। একারণে বিশ্ববিদ্যালয় এলাকার নিরাপত্তা জোরদার এবং শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ ছাত্রী হোস্টেলে অবস্থানকারী শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তার স্বার্থে জরুরী ভিত্তিতে একটি পুলিশ ক্যাম্প/ফাঁড়ি স্থাপনের জন্য এবছরের ফেব্রুয়ারি মাসে উদ্যোগ নেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিশ্চিতের জন্য আমি এখানে আসার পরপরই ফেব্রুয়ারি মাসে বিশ্ববিদ্যালয়ে পুলিশ ফাঁড়ি স্থাপনের উদ্যোগ নিয়েছি। দ্রুত সময়ের মধ্যে আমরা তা বাস্তবায়নের দিকে যাবো।

উল্লেখ্য, ২০২১ সাল থেকে রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে পুরোদমে চলমান রয়েছে। শত শত শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী দৈনিক ক্যাম্পাসে যাতায়াত করে থাকে এবং বিশ্ববিদ্যালয়ের অনতিদূরে ছাত্রীদের জন্যে একটি ভবন ভাড়া করা হয়েছে যেখানে ২০২৩ সালের আগস্ট মাস থেকে প্রায় শতাধিক ছাত্রী অবস্থান করছেন।